

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৮৮.২০২১-১০৯৫

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং-৩০৬৬/২০২১ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত ঘটনার প্রকৃত বিবরণী ও আনুসঙ্গিক কাগজপত্র প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ-এর স্মারক নং-৬৬৪, তারিখ-০৮/০৭/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলাধীন ১০নং লেছাড়াগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান জনাব সৈয়দ হোসেন ইমাম (সোনা মিয়া)-কে বিভিন্ন দুর্নীতির দায়ে অভিযোগ করা সত্ত্বেও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেওয়ায় ১০নং লেছাড়াগঞ্জ ইউনিয়নের ১১ জন ইউপি সদস্যর পক্ষে মোঃ মোসলেম উদ্দিন সদস্য, ৮নং ওয়ার্ড-এর গত ০১/০৩/২০২১ তারিখের আবেদনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৭ (সাত) জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং-৩০৬৬/২০২১ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে: রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। উক্ত রিট পিটিশন এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য এ বিভাগের ১৭/০৬/২০২১ তারিখের ৮৭৮ নং স্মারকে বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে দায়িত্ব প্রদান করা হয় এবং একই তারিখের ৮৭৭ নং স্মারকে জেলা প্রশাসক, মানিকগঞ্জ-এর নিকট দফাওয়ারী জবাব চাওয়া হয়। তদপ্রেক্ষিতে ঘটনার প্রকৃত বিবরণী ও আনুসঙ্গিক কাগজপত্র পাওয়া গেছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৩০৬৬/২০২১ এর রুল ও আরজির আলোকে প্রাপ্ত ঘটনার প্রকৃত বিবরণী ও আনুসঙ্গিক কাগজপত্র পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল:

mohiuddinshameem952@gmail.com

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.৮৮.২০২১-১০৯৫/১(৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



১-৯-২০২১  
মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারী সচিব